



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

৩য় পর্যায়ে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটির সিদ্ধান্ত অনুসারে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী অদ্যাবধি কোন প্রতিষ্ঠানে ভর্তি হয়নি সে সকল শিক্ষার্থী আসন শূন্য থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত ন্যূনতম GPA শর্ত পূরণ হলে উক্ত কলেজে ভর্তি হতে পারবে। ভর্তি প্রক্রিয়া ম্যানুয়ালি সম্পন্ন করতে হবে। ভর্তির তারিখ: ০১-০৮-২০১৮ তারিখ থেকে ১৪-০৮-২০১৮ তারিখের মধ্যে ভর্তি সম্পন্ন করতে হবে।

প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য আরো জানানো যাচ্ছে যে-

- যে সকল শিক্ষার্থীকে কোন প্রতিষ্ঠান তাদের ইচ্ছার বিরুদ্ধে ভর্তি করেছে প্রমাণ সাপেক্ষে ঐ সকল ভর্তি বোর্ড কর্তৃক বাতিল করার ব্যবস্থা করা হবে;
- কেবলমাত্র আসন শূন্য থাকা সাপেক্ষেই সংশ্লিষ্ট কলেজ ছাত্র/ছাত্রী ভর্তি করতে পারবে;
- কলেজ কর্তৃক নির্ধারিত ন্যূনতম GPA অবশ্যই অনুসরণ করতে হবে;
- কোন প্রতিষ্ঠান বরাদ্দকৃত আসনের অতিরিক্ত ছাত্র/ছাত্রী ভর্তি করতে পারবে না, ভর্তি করলে বোর্ড কর্তৃপক্ষ তাদের রেজিস্ট্রেশনের কোন দায়দায়িত্ব নিবে না এবং উদ্ভূত পরিস্থিতির জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- কলেজ কর্তৃক বোর্ডকে ম্যানুয়ালি ভর্তি ২৬-০৮-২০১৮ তারিখ থেকে ২৮-০৮-২০১৮ তারিখের মধ্যে নিশ্চিতকরণ করতে হবে;
- প্রতি শিক্ষার্থীর জন্য বিভিন্ন খাতে ম্যানুয়াল ভর্তি ফি-
আবেদন ফি-১৫০ টাকা, নিশ্চায়ন ফি-১৮৫ টাকা, ডাটা এন্ট্রি ফি-১০০ টাকা, সর্বমোট ফি ৪৩৫ টাকা।
- বর্ণিত ফি এই বোর্ডে সোনালী সেবার মাধ্যমে “একাদশ শ্রেণিতে ম্যানুয়াল ভর্তি ফি-২০১৮” খাতে ২৬-০৮-২০১৮ তারিখ থেকে ২৮-০৮-২০১৮ তারিখের মধ্যে জমা দিতে হবে।

অধ্যক্ষ

এ বোর্ডের আওতাধীন সকল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/কলেজ।

(কে এম রব্বানী)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন: ০৪২১-৬৮৬৩৮

e-mail: ic@jessoreboard.gov.bd